IELTS স্পিকিং নিঞ্জা টেকনিক

কৌশলেই স্কোর বাড়াও

Written by:
Dr. Abu Sayed
DVM (PSTU, Bangladesh); CLT (CAAS, China)
Erasmus Mundus Scholar
MSc Candidate in Vaccinology (LIVE)
Faculty of Biosciences
Université Claude Bernard Lyon 1, Lyon, FRANCE
Department of Cellular Biology, Physiology and Immunology
Universitat Autònoma de Barcelona, Barcelona, SPAIN

Published by:
SciSkill

ISBN Number: 978-984-35-8030-6

First Edition, August 2025

Table of Contents

Chapter 3: Part-3 Anatomy & Strategy – Analytical Response Structure

Chapter 4: Fluency Strategy – Response Automation

Chapter 5: Coherence Strategy – Organizing Your Ideas

Chapter 6: Vocabulary Strategy – Thematic Lexical Sets

Chapter 7: Pronunciation Strategy – Intelligibility First

Chapter 8: Grammar Strategy – Use, Don’t Show Off

Appendix

বই নিয়ে কিছু কথা!

এই বইটি তাদের জন্য, যারা IELTS Speaking-কে কৌশলগতভাবে আয়ত্ত করতে চান। যারা বিশ্বাস করেন—"ভালো ইংরেজি মানেই ভালো স্কোর"—এই বই তাদের জন্য ভিন্ন এক দৃষ্টিভঙ্গি উপস্থাপন করে।

আমি এই বইটি লিখেছি নিজের বাস্তব অভিজ্ঞতা ও পরীক্ষার প্রস্তুতি নেওয়ার অভিজ্ঞতার আলোকে, যাতে পরীক্ষার্থীরা Speaking module-এ নিখুঁত প্রস্তুতির পথ খুঁজে পায়।

এই বইতে তুমি পাবে:

- বাস্তব IELTS Band Descriptors অনুযায়ী প্রস্তুতির কৌশল
- Part 1, Part 2, এবং Part 3 এর জন্য সাজানো মনস্তাত্ত্বিক স্ট্র্যাটেজি
- Cue Card উত্তর তৈরির সহজ গল্পভিত্তিক পদ্ধতি
- Fluency ও Pronunciation বাড়ানোর সাইকোলজিক্যাল হ্যাক
- এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ—আত্মবিশ্বাস গড়ে তোলার অনুশীলনপদ্ধতি।

এই বইটি এমনভাবে ডিজাইন করা হয়েছে যেন একজন শিক্ষার্থী নিজে নিজেই ধাপে ধাপে IELTS Speaking-এর প্রতিটি অংশ আয়ত্ত করতে পারে, ঠিক একজন কোচের গাইডলাইন অনুসরণ করার মতো। পুরো বইটিকে সাজানো হয়েছে Part-1, Part-2, এবং Part-3 এর আলাদা আলাদা বিশ্লেষণ ও কৌশলের ভিত্তিতে, যাতে প্রতিটি ধাপে পরীক্ষার্থী জানে কী করবে এবং কেন করবে।

এই বইয়ে শুধু তথ্য দেওয়া হয়নি, বরং 'কিভাবে প্রস্তুতি নিলে স্কোর বাড়বে'—এই মনস্তাত্ত্বিক ও কৌশলগত দিকগুলোকে বেশি গুরুত্ব দিয়ে উপস্থাপন করা হয়েছে। প্রতিটি অধ্যায়ে রয়েছে সহজ উদাহরণ, বাস্তব জীবনের গল্প, প্র্যাকটিস নির্দেশিকা, এবং Band 7+ উত্তর দেওয়ার কৌশল—যা নতুন বা মাঝারি লেভেলের শিক্ষার্থীদের জন্য সবচেয়ে কার্যকর। বইটিতে এমন একটি ফ্লো রাখা হয়েছে যেন একজন শিক্ষার্থী পড়তে পড়তেই বুঝে যায়, কীভাবে উত্তর তৈরি করতে হয়, কিভাবে Delivery Improve করতে হয় এবং কিভাবে আত্মবিশ্বাসের সাথে কথা বলতে হয়।

এই বইটির ভাষা সহজ, প্রাণবন্ত এবং কথোপকথনমূলক, যাতে পাঠক আত্মবিশ্বাসের সাথে শিখতে পারে। প্রতিটি টপিক উপস্থাপন করা হয়েছে বন্ধুত্বপূর্ণ ভঙ্গিতে, যেন মনে হয় একজন কোচ পাশেই বসে গাইড করছেন। কঠিন শব্দ বা জটিল ব্যাকরণ এড়িয়ে, বাংলা এবং ইংরেজি ভাষার সংমিশ্রণে (বাংলিশ), বাস্তবভিত্তিক উদাহরণ ও হালকা রসবোধের মাধ্যমে বিষয়গুলো উপস্থাপন করা হয়েছে। এর ফলে ইংরেজি শেখার ভয় কেটে গিয়ে শেখাটা হয়ে উঠবে স্বতঃস্ফূর্ত ও আনন্দদায়ক।

এই বইটা শুধু মাত্র স্পিকিং এর কৌশল নিয়ে, তাই এই বইতে অনেক বেশি practice questions-answers থাকবে তা নয়। বাজারে অনেক বই আছে যেগুলাতে অনেক practice questions এবং answers দেওয়া আছে। যেমনঃ Makkar IELTS Speaking, Cambridge এর বইগুলো, KHAN's CUE CARD, আরও অনেক। তোমার যেটা ভালো লাগবে সেটাই তুমি practice করতে পারো। বাজারে কৌশলগত বই নেই বলেই চলে, তাই এই বইটি লেখা। এখানে তোমাকে শরবত বানিয়ে গুলিয়ে খাইয়ে দেওয়ার মত অর্থাৎ বোঝানোর

মত সব ধরনের উদাহরণই দেওয়া রয়েছে। বইটির শেষে Appendix অংশে অনেকগুলো সোর্সের কথা উল্লেখ করা হয়েছে যেখান থেকে তুমি বিভিন্ন model questions এবং answers পেয়ে যাবা।

আমি বিশ্বাস করি—তুমি যদি এই বইয়ের কৌশলগুলো মেনে প্রস্তুতি নেও, ইনশাআল্লাহ, তুমি শুধু ভালো স্কোরই না বরং আত্মবিশ্বাসের সাথেও ইংরেজিতে কথা বলতে পারবে।

ইনশাআল্লাহ, তুমি পারবে—যদি চাও, শেখো, এবং চর্চা করো।

শুভ কামনা রইলো
লেখক

IELTS Speaking নিয়ে কিছু কথা

IELTS Speaking module অনেক শিক্ষার্থীর কাছে সবচেয়ে কঠিন ও ভয়ের অংশ মনে হতে পারে। মনে হওয়াটা অস্বাভাবিক না। অনেকেই ভাবে, fluent ইংরেজি বলতে না পারলে হয়তো ভালো স্কোর পাওয়া অসম্ভব। কেউ কেউ আবার ধরে নেয় যে, ইংরেজিতে সাবলীল হলে তো আর প্রস্তুতির দরকার নেই। কিন্তু বাস্তবতা হলো—IELTS Speaking শুধু fluency নয়, বরং এটি একটি সম্পূর্ণ পরিকল্পিত ও কাঠামোবদ্ধ মূল্যায়ন পদ্ধতি, যার পেছনে রয়েছে নির্দিষ্ট Band Descriptors, এবং প্রত্যেক পরীক্ষার্থীকে এই নির্ধারিত মানদণ্ড অনুযায়ী বিচার করা হয়।

IELTS Speaking কী?

IELTS Speaking একটি ভাইভা টাইপ পরীক্ষা, যেখানে একজন পরীক্ষক তোমার সঙ্গে ১১–১৪ মিনিটের মত সরাসরি কথা বলবেন অর্থাৎ তোমার একটা ইন্টারভিউ নেওয়া হবে। এটি মুখোমুখি (Face-to-Face) অথবা কম্পিউটার স্ক্রিনে ভিডিও কলের মাধ্যমে হয় (ভেন্যু অনুযায়ী ভিন্ন হতে পারে)। আমাদের দেশে বর্তমানে এটি ভিডিও কলের মাধ্যমেই হয়ে থাকে। এই Module-টি পুরোপুরি conversation based—অর্থাৎ, তোমার ইংরেজিতে কথা বলার দক্ষতা, ভঙ্গি, শব্দচয়ন এবং আত্মবিশ্বাস কেমন তা যাচাই করা হয়। এটাকে তুমি তোমার সেই বিশ্ববিদ্যালয়ের ভাইভা পরীক্ষার মত মনে করতে পারো। এবার আসি পরীক্ষাটি কিভাবে হয়ে থাকে তা নিয়ে!

পরীক্ষা কিভাবে হয়?

এই পরীক্ষাটি ৩টি পর্বে বিভক্ত:

Part 1: Introduction and Interview (৪–৫ মিনিট)

এই অংশে পরীক্ষক তোমাকে কিছু সাধারণ পরিচিতিমূলক প্রশ্ন করেন—যেমন, নাম, হোমটাউন, পড়াশোনা, পছন্দ-অপছন্দ, দৈনন্দিন জীবন ইত্যাদি। এটি একটি **Warm-up Round**, কিন্তু এখানেই তোমার প্রথম ইম্প্রেশন তৈরি হয়।

Part 2: Cue Card / Long Turn (৩–৪ মিনিট)

এই অংশে তোমাকে একটি Cue Card দেওয়া হয়, যেখানে একটি টপিক ও সেই সাথে টপিক রিলেটেড ৩–৪টি উপ-বিষয়/প্রশ্ন (bullet points) থাকে। তোমাকে ১ মিনিটের প্রস্তুতির সময় দেওয়া হয় এবং তারপর ১.৫–২ মিনিট একটানা সেই বিষয়ে কথা বলতে হয়। এই অংশে তোমার ধারাবাহিক চিন্তাভাবনা, fluency ও expression-এর দক্ষতা যাচাই করা হয়।

Part 3: Follow-up Questions (৪–৫ মিনিট)

এটি Part 2-এর টপিকের উপর ভিত্তি করে কিছু opinion-based বা abstract প্রশ্ন নিয়ে গঠিত হয়। এখানে তোমার বিশ্লেষণী দক্ষতা, ভাষার গভীরতা, যুক্তির স্পষ্টতা এবং ইংরেজিতে ভাব প্রকাশের ক্ষমতা যাচাই করা হয়।

কী কী মানদণ্ডে তোমাকে স্কোর দেওয়া হয়?

IELTS Speaking-এর স্কোর নির্ধারিত হয় ৪টি মূল ক্যাটাগরির উপর ভিত্তি করে, যাকে বলে **Band Descriptors**:

1. **Fluency & Coherence** – তুমি কত সাবলীলভাবে ও যুক্তিসংগতভাবে কথা বলো
2. **Pronunciation** – তোমার উচ্চারণ কতটা স্পষ্ট ও বোধগম্য
3. **Lexical Resource** – তুমি কতটা বৈচিত্র্যময় ও প্রাসঙ্গিক শব্দ ব্যবহার করো
4. **Grammatical Range and Accuracy** – ব্যাকরণগত বৈচিত্র্য ও নির্ভুলতা

প্রতিটি দিকেই তোমাকে আলাদাভাবে ১–৯ স্কেলে স্কোর দেওয়া হয় এবং এই চারটি স্কোরের গড় হিসেবেই নির্ধারিত হয় তোমার Final Speaking Band Score। যদি তুমি কোনো একটিতে খুব ভালো করো কিন্তু অন্য তিনটিতে দুর্বল হও, তাহলে Band কমে যেতে পারে। তাই লক্ষ্য রাখতে হবে—চারটি মানদণ্ডেই ব্যালান্সড পারফরম্যান্স দিতে হবে।

তাহলে ভালো স্কোর পেতে কী দরকার?

IELTS Speaking-এ ভালো করতে হলে শুধুমাত্র ইংরেজি জানা যথেষ্ট নয়। প্রয়োজন:

- **স্ট্র্যাটেজিক প্রস্তুতি:** তুমি কীভাবে প্রশ্ন বুঝছো, উত্তর দিচ্ছো, গঠন সাজাচ্ছো
- **প্রতিনিয়ত অনুশীলন:** শুধু পড়লে হবে না, নিয়মিত বলতে হবে
- **মানসিক প্রস্তুতি:** পরীক্ষার সময় চাপ সামলানো, আত্মবিশ্বাস ধরে রাখা
- **সঠিক দিকনির্দেশনা:** Band Descriptors অনুযায়ী উত্তর তৈরি করা
- **উপযুক্ত Feedback:** নিজেকে রেকর্ড করে শোনা, উন্নয়ন বিশ্লেষণ করা

IELTS Speaking কোনো কাকতালীয় ব্যাপার না

অনেকেই মনে করে—“ভাগ্য ভালো থাকলে হয়তো ভালো স্কোর আসবে”। কিন্তু এটি একেবারেই ভুল ধারণা। IELTS Speaking একটি descriptor-based game—যেখানে তোমার স্কোর সম্পূর্ণ নির্ভর করে তুমি কিভাবে Band Descriptor অনুযায়ী নিজেকে উপস্থাপন করছো। তবে ভাগ্যের কিছুটা খেল যে নেই তা বলা যাবে না। এই যেমন তোমার examiner যিনি হবেন তিনি যদি একটু কঠিন হৃদয়ের হন সেক্ষেত্রে কিছুটা স্কোর ভ্যারি করলেও করতে পারে। অথবা তুমি যে টপিকে প্রিপারেশন নিয়েছ তা না পড়ে তোমার কিউ কার্ডে অন্য একটা আনকমন টপিক পড়ল। তাতে স্কোরের ভ্যারিএশন হতে পারে। তবে IELTS এক্সাম খুবই স্ট্যান্ডার্ড একটা এক্সাম। তাই এ বিষয়ে তোমার তেমন একটা না ভাবলেও চলবে।

সুতরাং, শুধু "ভালো বললাম তো" ভেবে খুশি হলে চলবে না—তোমার উত্তর যেন fluency-তে smooth, pronunciation-এ clear, vocabulary-তে rich, আর grammar-এ strong হয়—এই হল Master Plan! লে দিলাম সব ফাঁস করে!

মনে রেখ

IELTS Speaking হঠাৎ করে শিখে নেওয়া যায় না, আবার মুখস্থ করেও ভালো Band পাওয়া যায় না। এটা এমন একটি স্কিল, যেটা প্র্যাকটিসের মাধ্যমে তৈরি হয়।

তুমি যদি পরিকল্পনা অনুযায়ী প্রস্তুতি নাও, প্রশ্ন বুঝে উত্তর দাও, নিজের ভাষার উপর আত্মবিশ্বাস তৈরি করো—তাহলে ইনশাআল্লাহ, Band 7+ পাওয়া কল্পনা নয়, বাস্তব।

এই অধ্যায়ের মাধ্যমে তুমি শুরু করলে তোমার স্পিকিং যাত্রা। এখন শুরু হোক "কথায় জেতার" প্রস্তুতি।

Chapter 1: Part-1 Anatomy & Strategy – Introduction and Interview

IELTS Speaking Test মোট ৩টা part এ ভাগ করা, আর প্রতিটার question type, examiner-এর expectation, আর scoring pattern আলাদা। এই অধ্যায়ে আমরা পার্ট-১ (Introduction and Interview) কে dissection করবো ইনশা আল্লাহ।

1.1. Part 1 কে দাও স্মার্ট শুরু – Clear, Concise, আর Natural ভেবে!

IELTS Speaking Test-এর Part 1 আসলে একটা warm-up round, যেটা চলে ৪-৫ মিনিট। অনেকে ভাবে এইটা তো "শুধু Intro পার্ট", কিন্তু আসলে এখানেই তুমি তোমার fluency, vocabulary (lexical resource), আর grammar-এর বেসিক শক্তি দেখানোর প্রথম সুযোগ পাইতেছো।

তাই এখানেই খেল দেখাতে হবে – খুব সহজ, স্পষ্ট আর স্বাভাবিক উত্তর দিয়ে!

1.2. Part 1 এর আসল উদ্দেশ্যটা আগে বুঝে নাও!

এই পার্টে প্রশ্নগুলো usually ঘোরাফেরা করে খুব চেনা-জানা টপিক নিয়ে – যেমনঃ তোমার personal details অথবা information (name, hometown, future goals, নিজ সংস্কৃতি, পড়াশোনা, daily routine, hobby ইত্যাদি।)

এখানে examiner চাইবে তুমি যেন:

- সহজ সাধারণ বিষয় নিয়ে খুব স্বাভাবিকভাবে কথা বলতে পারো।
- common vocabulary ঠিকভাবে use করো।
- grammar ঠিক রেখে কথা বলো, যেন ঝামেলা না হয়।
- আর overall একটা relax, confident vibe দাও।

1.3. আসো আর একটু বুঝে নেইঃ Examiner কী কী judge করে এই পার্টে?

1. Fluency & Coherence (তুমি কতটা সাবলিলভাবে বলতে পারো)

- Examiner দেখে তুমি hesitation ছাড়াই, naturally কথা বলতে পারো কিনা।
- বারবার "umm… ahh… actually… you know…" দিলে কিন্তু minus point!
- পাশাপাশি, তুমি কীভাবে তোমার ideas logically সাজাও সেটাও দেখা হয়।

উদাহরণ:
তুমি যদি বলো, "I love reading. It relaxes me. I often read novels before going to bed." — এটা coherence দেখায়।

2. Pronunciation (তোমার উচ্চারণ কতটা পরিষ্কার ও বুঝতে সুবিধাজনক)

- British accent দরকার নেই ভাই/আপু! (*Accent এর উপরে কোনো marking নেই। তবে তোমার accent ভালো হলে এটা ভালো একটা impression দেয়।*)
- কিন্তু তোমার pronunciation যেন পরিষ্কার হয়, এবং শব্দগুলো ঠিকভাবে break করো।
- Stress, intonation, rhythm—এইগুলো ঠিক থাকলে তোমার কথা শুনতে ভালো লাগবে।

মজার টিপস:
"Dessert" আর "Desert" উচ্চারণে পার্থক্য না রাখলে তুমি chocolate-এর বদলে বালি খেয়ে ফেলতে পারো!

3. Lexical Resource (তোমার vocabulary কতটা diverse)

- তুমি বারবার "good," "nice," "very interesting" বললে হবে না!
- কিছু variation আনো — "fascinating," "enjoyable," "relaxing," "thought-provoking" টাইপের শব্দ use করো।
- Idioms বা phrasal verbs থাকলে bonus point!

Extra spice:
Instead of saying, *"I was very happy,"* বলো *"I was over the moon!"*
(Examiner তখন মনে মনে—"Bingo! Vocabulary detected!" **লে মার্ক!)**

4. Grammatical Range and Accuracy (grammar ঠিক আছে কিনা + কত ধরনের structure use করো)

- তুমি শুধু simple sentence ব্যবহার করো, নাকি complex আর compound sentence-ও পারো, সেটা দেখা হয়।
- Tense, subject-verb agreement, articles—এইসব ছোটখাটো জিনিসেই অনেকের হোঁচট খায়!

Example:
খারাপ: "He go to school every day."
ভালো: "He goes to school every day."
আরো ভালোঃ "He has been going to school regularly since he was a child."

মোটকথা:

Part 1 সহজ মনে হলেও, এখানে **তোমার English-এর foundation** দেখতে examiner বসে থাকেন। তুমি কতটা confident, natural, আর smartly prepared—সবকিছু তিনি খেয়াল করেন।

তাই বলি, "সোজা প্রশ্ন মানেই হালকা উত্তর নয়!"

Part 1-এ যদি তুমি ভালো impression ফেলতে পারো, তাহলে পুরো test-টাই smooth যায়! ভাবা যায় এগ্লা?

এইযে কয়েকটা judging পয়েন্টস বললাম, এগুলো সবগুলো পার্টেই প্রযোজ্য।

চলো আগে বাড়াই!

1.4. আসো কৌশল শিখি আর খেলি

1.4.1. কিছু বোল্ড কথা:

- সহজ, natural language ব্যবহার করে short আর structured answer practice করো। তোমার goal হলো Examiner-এর সাথে এক ধরনের comfort zone তৈরি করা এবং fluency দেখানো।
- খুব elaborated উত্তর দেওয়ার দরকার নেই।
- Answer হবে medium length-এর—not too long, not too short.
- মনে রাখবা উত্তরটি যাতে ১ বাক্যে না হয়। একটু বর্ণনা করবা বা সাথে প্রাসঙ্গিক কিছু জুড়ে দিবা। এতে করে তোমার fluency Examiner সহজেই বুঝতে পারবে। উত্তরটি যদি সংক্ষেপে হয় অর্থাৎ এক বাক্যে হয় তাহলে Examiner fluency বুঝতে পারবেন না, যার ফলে তোমার উপর Examiner এর একটা negative impression তৈরি হয় এবং স্কোর কম আসার চান্স থাকে। **তাই Be Careful!**
- কথা বলার সময় উপরে বর্ণিত ৪টা বিষয়ই যাতে তোমার ডেলিভারির মধ্যে থাকে তা লক্ষ্য রাখতে হবে।
- Eye contact ঠিক রাখতে হবে। এটা একটা interview এর মত, তাই যত বেশি তুমি তোমাকে ভালভাবে present করতে পারবা, তত ভালো স্কোর তুমি পাবা। অনেক সময় eye contact ঠিক না রাখলে examiner মনে করেন যে তুমি হয়ত মুখস্ত বলছো, যার ফলে স্কোর কমার সম্ভাবনা থাকে।
- হাসি ত মুখে রাখতেই হবে—তা ত আর বলার অপেক্ষা রাখে না।
- মনে রাখবা যে, IELTS এক্সামে কেউ তোমাকে judge করবে না যে তুমি সত্য বলতেছ নাকি মিথ্যা বলতেছ। বরং তোমার fluency ই এখানে judge করবে। তাই Be Confident!

খুব বেশি বয়ান দিয়ে আর লাভ নাই; এবার আসো কিছু উদাহরণ দেখি।

লে বাবা উদাহরণ!

Q-1: What do you do? Are you a student or do you work?

Medium Answer:

I'm currently a student. I'm studying Veterinary Medicine at Patuakhali Science and Technology University. It's a challenging subject; however, I really enjoy learning about animals and their health.

উত্তরটি খেয়াল করো:

এখানে শুধু "I'm currently a student" বললেও উত্তরটি technically ভুল হবে না। কিন্তু এই উত্তরটায় তোমার পরিচয়+স্টাডি+ফিলিংস—সব কিছুই nicely বলা আছে। এতে examiner-ও খুশি, তুমিও খুশি! লে হালুয়া!

Q-2: Where is your hometown?

Medium Answer:

My hometown is Barishal, a city in southern Bangladesh. It's known for its rivers and beautiful green landscapes. Life there is slower compared to Dhaka, and I really enjoy the peaceful environment.

উত্তরটি খেয়াল করো:

"Barishal" বলেই থেমে গেলে examiner কিছু বুঝল না। কিন্তু যদি একটুখানি details দাও—যেমন nature, contrast with Dhaka, feelings—তাহলেই তোমার fluency আর vocabulary দুটোই naturally উঠে আসবে।

এইটুকুই লাগবে, বেশি কাব্য করতে যেও না!

Q-3: Do you enjoy watching movies?

Medium Answer:

Yes, I love watching movies in my free time. I prefer thrillers or documentaries, especially the ones based on real events. It helps me relax and also learn something new.

উত্তরটি খেয়াল করো:

"Yes, I like movies."—এটাও technically correct, কিন্তু boring. আর boring মানেই fluency কম ধরে নিবে। একটু genre, reason, personal vibe মিশিয়ে দিলেই দেখো, answer glow করে উঠে! একটা answer, দুইটা কাজ—fluency + personality!

Q-4: What do you usually do in your free time?

Medium Answer:

In my free time, I like to read books or watch YouTube videos related to science and research. Sometimes, I also go for a walk or spend time with my friends.

উত্তরটি খেয়াল করো:

“Reading” বা “YouTube দেখা” এইগুলো খুব common answer, কিন্তু একটু relevant detail দিলে তোমার interest ও knowledge উঠে আসে।

আর বন্ধুদের কথা mention করলে human touch ও আসে—examiner-এর মুখে হালকা হাঁসি!

Q-5: Do you prefer tea or coffee?

Medium Answer:

I usually prefer tea, especially in the evening. It helps me feel refreshed. But when I need to stay awake or focus, I go for coffee.

উত্তরটি খেয়াল করো:

"Tea lover" বা "coffee addict" দুইটাতেই relatable content আছে। তোমার choice এর পিছনে reason থাকলে সেটাই বড় কথা।

বলতে বলতে মনে করো, তুমি তোমার friend-এর সাথে গল্প করতেছো—just in English!

কি! এতক্ষণে নিশ্চয়ই কিছুটা হলেও বুঝে গিয়েছো যে Part 1-এ কী কী থাকে আর কীভাবে উত্তর দিলে examiner খুশি হয়! চিন্তার কিছু নেই — সামনে আরও অনেক টিপস, ট্রিকস আর মজার উদাহরণ তোমার জন্য অপেক্ষা করছে।

তাই চোখ রেখো এই বইটায়—Zee Banglay নয়, একেবারে ঝাল-মশলা দেওয়া Banglish-এ!

যতবার পড়বে, ততবার শিখবে!

1.4.2. Magic মামনি : “3-Sentence Rule”

IELTS Part 1 এর প্রত্যেকটা প্রশ্নের উত্তর দিতে পারো এই সহজ একটা format ফলো করে:

উদাহরণ:

Q-1: Do you enjoy reading in your free time?"

A-1: Yes, I do. I find reading very relaxing after a busy day. Recently, I've been enjoying biographies of famous scientists.

Sentence No.	কাজ কী	Example
1	সরাসরি, পরিষ্কার উত্তর	Yes, I do.
2	একটু explanation বা reason	I find reading very relaxing after a busy day.
3	একটা ছোট example বা detail	Recently, I've been enjoying biographies of famous scientists.

Some Sample Questions & Model Answers:

Question	Model Answer
What do you like to do in your free time?	I enjoy reading novels, especially historical fiction. It helps me unwind after work. Last week, I finished a book about the Victorian era.
Do you prefer living in a city or the countryside?	I prefer city life because it's more convenient. There are many restaurants and cultural activities nearby, which I really enjoy.
What kind of music do you listen to?	I mostly listen to pop music because it's upbeat and energizing. Sometimes, I like classical music when I want to relax.

কেন এটা কাজ করে:

- flow টা natural থাকে
- vocabulary আর grammar naturally আসে
- এক শব্দ বা এক লাইনের উত্তর এড়ানো যায় (যা মার্ক কেটে দেয়)

Pro Tip: মনে রাখো, oversmart হওয়ার দরকার নাই, overshort হওয়াও ঠিক না—medium length উত্তরে charm থাকে!

1.4.3. Present Simple Tense is Your Best Friend!

Part 1-এ প্রায় সব প্রশ্নই তোমার habit, opinion বা daily life নিয়ে হয় – তাই Present Simple tense ই বেশি use হবে।

Examples:

- I usually go to the gym in the evenings.
- My hometown is a quiet place with lots of parks.
- I enjoy cooking because it helps me relax.

একটু variation আনতে পারো Present Continuous বা Past Simple দিয়ে:

- I'm currently learning to play the guitar.
- Last weekend, I visited my grandparents.

1.4.4. Sound Natural, Not Like a Robot!

Part 1-এ unnecessarily ভরাভরা answer দিয়া লাভ নাই। Point বুঝে, relax করে, natural tone-এ উত্তর দাও।

Do these:

- Contractions use করো: I'm, I've, don't
- ছোট linking words দাও: Well, Actually, Sometimes
- Simple connectors: because, so, and

Avoid these:

- এক লাইনের উত্তর
- মুখস্থ বুলি (examiner ধরে ফেলবে!)
- একদম flat বা robotic tone

1.4.5. Practice Common Topics Regularly

Practice is power! Part 1-এ যেসব topics ঘুরে ফিরে আসে, সেগুলো রেগুলার চর্চা করো – short but solid answer রেডি রাখো।

Common Topics:

- Hobbies and free time
- Studies or work
- Family and friends
- Food and cooking
- Travel and holidays
- Technology
- Weather
- Daily routine

Tip: একবার একটা topic, পরের দিন আরেকটা – ঘুরিয়ে ঘুরিয়ে practice করলে fluency আর flexibility দুইটাই আসবে। But practice করা ফরজ।

1.4.6. Final Part 1 Tips – Last-Minute Pocket Reminder

- Be confident but casual – Smile!
- Speak at a natural pace – না বেশি জোরে, না বেশি আস্তে
- Eye contact রাখো (ভয় পেও না examiner কে!)
- Never give "yes/no only" answers – expand with the 3-sentence formula!

শেষ কথাঃ

Part 1 যেন না হয় boring introduction – বরং এটাকে বানাও তোমার "strong opening performance"! Fluency, clarity আর confident vibe যদি দিতে পারো, তাহলে Part 2 & 3-এ তুমি আরও বেশি relax থাকবে।

Chapter 2: Part-2 Anatomy & Strategy – Cue Cards

Cue Card – তুমি বলো, examiner হ্যাঁ করে শুনবে!

IELTS Speaking Part 2 মানে হইলো **"long turn"**—এই part-এ তোমার একটা নির্দিষ্ট topic এ ১.৫-২ মিনিট non-stop কথা বলতে হবে। এই section-টা দেখে examiner বুঝতে চায় তুমি কতটুকু logically ভাবতে পারো, নিজের experience বা opinion কিভাবে express করো, আর pressure-এ থেকেও fluently বলতে পারো কিনা। **Part 2-তে ভালো করলে Band 7+ পাওয়ার রাস্তা একেবারে খুলে যায়! আবারো বলি- Part 2-তে ভালো করলে Band 7+ পাওয়া কোন বিষয়ই না।**

2.1. Understand the Task and Time Management

তুমি একটা cue card পাবে, যেটাতে ৩-৪ টা bullet points থাকবে অর্থাৎ কিছু questions দেওয়া থাকবে রেফারেন্স হিসেবে। এরপর ১ মিনিট time দিবে তোমাকে preparation-এর জন্য। এই ১ মিনিটটাকে হেলায় হারায়ে দিও না! এই জায়গায় অনেকে ভুল করে বসে।

নিচে ৩টি cue card তোমাদের বোঝার জন্য দেওয়া হল:

IELTS Speaking Cue Card 1:

Describe a person you enjoy working or studying with.
You should say:

- Who this person is?
- How you know him/her?
- What you usually do together?
- And explain why you enjoy working or studying with this person?

IELTS Speaking Cue Card 2:

Describe a skill you learned that you think is useful.
You should say:

- What the skill is?
- When and how you learned it?
- Why you learned it?
- And explain why you think it is useful?

IELTS Speaking Cue Card 3:

Describe a memorable journey you took.
You should say:

- Where you went?
- How you travelled?
- What you did during the journey?
- And explain why this journey was memorable for you?

IELTS স্পিকিং এর কমন কিউ কার্ডসগুলো দেখতে চলে যাও:
https://doi.org/10.5281/zenodo.16757781

উপরের কিউ কার্ডসগুলো ভালো করে লক্ষ্য করো। এভাবে একটি কিউ কার্ড দেওয়া হয়। সেই সাথে তোমাকে পেপার আর পেন্সিল দেওয়া হবে যাতে করে তুমি রাফ করতে পারো অর্থাৎ তোমার প্রিপারেশন নিতে পারো। আগেই বলেছি যে, কিউ কার্ডে ১ মিনিট সময় দেওয়া হবে প্রিপারেশন এর জন্য এবং ২ মিনিট সাধারণত অনর্গল বলতে হয়। অনেক ক্ষেত্রে ২ মিনিট হওয়ার আগেই তোমাকে থামিয়ে দেওয়া হবে। এতে বিচলিত হওয়ার কিছু নেই। অনেক সময় ভালো পারলে থামিয়ে দেওয়া হয় অথবা সময়ের স্বল্পতার জন্য ও এটি করা হতে পারে। সে যাই ই হক। এই এক মিনিটের যে প্রিপারেশনের সময় দেওয়া হয়, এই সময়টাকে সঠিকভাবে বেস্ট উপায়ে কাজে লাগাতে পারলেই কেল্লা ফতে! এই ১ মিনিটের প্রিপারেশনে কিউ কার্ডে দেয়া প্রশ্নগুলো, টপিকটা সম্পর্কে ধারনা পাওয়া এবং যথাযত উত্তর করতে অনেক বেশি হেল্পফুল।

কী করবে এই ১ মিনিটেঃ

- প্রথমে খুব মনোযোগ সহকারে টপিকটা পরে ফেল। খুব কম সময়ে মাথার মধ্যে আইডিয়া জেনারেট করে ফেল। বেস্ট উপায়ে কিভাবে আইডিয়া জেনারেট করতে হয় তা পরবর্তীতে বর্ণনা করা হয়েছে **(2.3. দেখো)**।
- এখন যেটা খুব গুরুত্বপূর্ণ সেটা হল ওই আইডিয়াটা বর্ণনা করতে যে যে short keywords বা phrases প্রয়োজন তা ঝট করে রাফ কাগজে লিখে ফেল। keywords যে কয়টা ওই সময়ে লেখা সম্ভব, সব লিখে ফেল। মনে রাখবা যত বেশি words তুমি লিখেছ, তত বেশি তুমি ওই বিষয়ে কথা বলতে পারবা কারণ তোমার ব্রেইন তোমাকে মনে করিয়ে দিবে।
- আরেকটি বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ। short keywords বা phrases লেখার আগে ভাবো কোন order এ বললে সুন্দর শুনাবে। তুমি যদি order ঠিক রাখতে না পারো, তাহলে তোমার স্পীচের মধ্যে coherence বা লজিকাল ফ্ল কোনটাই থাকবে না। অর্থাৎ তুমি তোমার আইডিয়াগুলোকে গুছিয়ে উপস্থাপন করতে পারবা না।
- চেষ্টা করো ১ মিনিট ৪৫ সেকেন্ড থেকে ২ মিনিট পর্যন্ত কথা বলার জন্য plan করতে। Practice-এ timer use করো, যাতে exact সময়ের sense develop হয়। বেশি আগে stop করলে incomplete শোনাবে, আবার বেশি সময় গেলে examiner তোমাকে থামায় দিবে।
- ১ মিনিট শেষ হয়ে গেলে আস্তে একটা গভীর শ্বাস ফেলে বলতে শুরু করে। বেশি স্পিডে বলার প্রয়োজন নাই কারণ তোমার ২ মিনিট সম্পূর্ণ করতে হবে। বেশি স্পিডে বলে আগেই তোমার স্পীচ শেষ হয়ে গেলে

তা ভালোর বদলে উল্টো খারাপ অর্থাৎ কাম সারা করে দিবে। এ জন্য কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না। তাই রিলাক্সে মিডিয়াম টোনে কথা বলা চালিয়ে যেতে হবে।

2.2. The I-E-R-L Framework for Structuring Your Speech

Speech সুন্দর আর logical করতে এই **I-E-R-L** framework ফলো করো।

Component	Purpose	Example
I: Introduce	Topic setting বা introduce করা	"I'd like to talk about a memorable trip I took last year."
E: Experience	তোমার personal experience বা গল্প বলো	"During the trip, I visited several historic landmarks..."
R: Reflection	Feeling বা ভাবনা শেয়ার করো	"What I found fascinating was how well-preserved the old buildings were."
L: Lesson	শেখা বা takeaway দিয়ে শেষ করো	"Overall, the trip taught me to appreciate history more deeply."

এই format follow করলে natural flow এ পুরো topic cover করা যাবে, আর শুনতেও engaging লাগবে।

2.3. বাই দি রাস্তা, চলো এবার জেনে নেই আইডিয়া জেনারেট করার বেস্ট উপায় যেটা সবচাইতে কঠিন

2.3.1. বেস্ট psychological way to generate ideas for cue cards:

এখন আইডিয়া জেনারেট করতে আমরা একটু ফিজিওলজি ক্লাস করবো।

কিছু কথা তো বলবোই তার আগে নিজের একটা গল্প শেয়ার করি যেটা কিউ কার্ডের জন্য সবথেকে ইফেক্টিভ।

মানুষের জীবনে ঘটে যাওয়া ঘটনা মানুষ সহজেই মনে করতে পারে এবং এর জন্য তাকে খুব একটা ভাবতে হয় না। একই জিনিষটা এখানেও প্রযোজ্য। কিউ কার্ড আনসার করার সময় সময় আমরা অনেকেই বানিয়ে বলি। যার ফলে আমরা সেটা বেশি আর বলতে পাড়ি না এবং বাধ্য হয়েই থেমে যাই। আর তখন IELTS এর ১২ টা আমরা বাজিয়ে ফেলি। ফলশ্রুতিতে নিজের টাকা, স্বপ্ন জলাঞ্জলি দিয়ে হয়ে যাই দেবদাস। অনেকে আবার কবিও হয়ে যান। বিদেশে পড়তে যাওয়া, গবেষণা করতে যাওয়া বাদ দিয়ে, বোনেন শত শত কবিতার জাল। কেউতো গার্লফ্রেন্ডের/বয়ফ্রেন্ডের সাথে ব্রেক আপ করে বসেন। আবার ভাবিয়েন না জীবন থেকে নেয়া। সে যাই হোক, আবারো আলোচনায় ফিরে আসি।

যেটা বলছিলাম, মানুষ তার জীবনে ঘটে যাওয়া ঘটনা সহজেই মনে করতে পারে। তাই এই ঘটনাগুলোকে দিয়ে যদি স্টোরি সাজাতে পারো তাহলে তুমি rocked, examiner shocked।

এবার আসল strategy টা বলি!

👉 **নিজের একটা রিয়েল লাইফ ঘটনা কে ঘিরে একটা সুন্দর গল্প বানাও বা ওই ঘটনাটাই মনে রাখো।**
👉 সেই গল্প দিয়ে একসাথে **10-12 টা cue card cover করা যাবে।**
👉 কারণ সেটা তুমি naturally বলতে পারো, বানানোর কিছু নেই, ভুল হবার chance কম!

Example: Online Shirt Purchase from Daraz

Relevant possible cue cards: *Describe a online purchase that you made recently / Describe a website you often use / Describe a time when you bought something online / Describe a recent purchase you made that you are happy with / Describe an online shopping experience you had / Describe a piece of clothing you recently bought / Describe something you bought that turned out to be a good decision / Describe a memorable shopping experience / Describe a time when you used a discount or promotional offer / Describe a time when you received something by delivery / Describe a product that met your expectations / Describe something you bought after reading reviews online*

Answer:

1. Recently, I bought a **new shirt** online from **Daraz**, which is a popular e-commerce platform in Bangladesh.
2. The purchase began with browsing through Daraz's extensive collection of clothing to find a shirt that fit my style and needs.
3. I was looking for a **casual shirt** with a comfortable fit, so I explored options that offered a **variety of colors** and **patterns**.
4. After narrowing down my choices, I carefully reviewed the **product descriptions** and **customer reviews** to ensure the quality and fit of the shirt.
5. I selected a **button-down shirt** in a classic **blue plaid pattern**, which matched my criteria for both style and comfort.
6. Daraz provided detailed information about the **fabric** (100% cotton) and a helpful **size guide** to help me choose the correct size.
7. I added the shirt to my cart and proceeded to the **checkout** page, where I reviewed my order details to confirm accuracy.
8. The payment process was smooth, with options for **credit/debit card**, **mobile banking**, and **cash on delivery**. I opted for **mobile banking** for convenience.
9. I also used a **discount code** that I received through Daraz's promotional offer, which provided a small discount on the total purchase price.
10. After completing the purchase, I received an **order confirmation** email with details about the estimated delivery date and tracking information.
11. The shirt was shipped within the specified timeframe, and I was able to track its progress through the **Daraz website**.

12. When the package arrived, it was well-packaged in a **protective plastic wrap** to prevent any damage during transit.
13. Unboxing the shirt, I was pleased to find that it matched the **online description** in terms of color and fabric quality.
14. The shirt fit well, and I appreciated the **attention to detail** in the stitching and overall construction.
15. The purchase included a **return policy**, which reassured me that I could return or exchange the shirt if it did not meet my expectations.
16. The overall online shopping experience with Daraz was positive, characterized by an **easy-to-navigate website**, efficient **payment process**, and timely delivery.
17. The shirt has since become a staple in my wardrobe, and I'm satisfied with both the quality of the product and the convenience of the online shopping process.
18. This experience highlighted the advantages of online shopping in Bangladesh, including the ability to compare products, access customer reviews, and enjoy home delivery.
19. In conclusion, purchasing the shirt from Daraz was a smooth and satisfying experience, demonstrating how digital platforms can enhance the shopping process.
20. It underscores the convenience and efficiency of online shopping in Bangladesh.

Highlighted Points:

- **Daraz**: popular e-commerce platform in Bangladesh
- **New shirt** purchase
- **Product descriptions** and **customer reviews**
- **Size guide** and **discount code**
- **Payment process** (mobile banking) and **order confirmation**
- **Shipping updates** and **protective packaging**
- **Fit assessment** and **return policy**

All solved with one story—your Daraz shirt!

দেখো একটি আইডিয়া দিয়ে কতগুলো Cue Card সল্ভ করা যায়! ধরো তুমি Daraz থেকে একটা শার্ট অনলাইনে কিনেছো—এই simple ঘটনা দিয়ে তুমি সহজেই ১০-১২টা Cue Card একসাথে সল্ভ করে ফেলতে পারো। শুধু একটু question অনুযায়ী উত্তরটা সাজিয়ে এবং মানিয়ে বললেই হয়ে যাবে।

আর সবচেয়ে বড় কথা কি জানো? এই ঘটনা বাস্তব—তোমার নিজের অভিজ্ঞতা। মানে তোমাকে বানিয়ে কিছু বলতে হবে না, মাথা গরম হবে না, আইডিয়া খুঁজে বেড়াতে হবে না। কারণ তুমি জানো ঘটনা কিভাবে ঘটেছিলো—তুমি ঠিকঠাক proper order এ বলতে পারবে।

এটা তোমার মস্তিষ্কের জন্য easiest structure—স্মৃতির উপর ভিত্তি করে বলা = Fluency & Confidence বাড়ে x10! কি! শরীরে একটা ভাব আইছে না?

এইভাবে যদি প্রতিটা কমন cue card এর জন্য নিজস্ব একটা বাস্তব অভিজ্ঞতা তৈরি করো, তাহলে IELTS speaking এ কখনোই তুমি আটকে যাবে না। যদি রিয়েল ঘটনা না থাকে, **একটা believable fake story বানাও,** ঠিকভাবে সাজাও।

Psychological Hack for Noting an Idea:

- আইডিয়াগুলোকে Number করে point আকারে তৈরি করো
- Important words/phrases bold করে রাখো
- শেষে Highlighted Points আলাদা করে note করে রাখো

এভাবে মনে রাখতে পারবে, বলতে পারবে, **examiner কে impress করতে পারবে।** এবং সবার important কথা—**confidence automatic আসবে, কারণ তুমি জানো তুমি কি বলতে যাচ্ছো!**

এখন কী করবে? এখন তুমি জানো যে কিভাবে তোমাকে নোট করতে হবে তাই:

1. IELTS এর কমন টপিকগুলো লিস্ট করো (Appendix এ দেওয়া আছে)
2. প্রতিটা টপিক অনুযায়ী নিজের জীবনের একটা ঘটনা মেলাও
3. সেটা দিয়ে Cue Card-র উত্তর সাজাও
4. একটা MS Word/Google Doc-এ লিখে নোট করো
5. প্রতিদিন Practice করো → পড়ো, বলো, revise করো। এক্ষেত্রে, একজন পার্টনার বেছে নাও যার সাথে তুমি স্পিকিং প্রাকটিস করতে পারবা। **মনে রেখ: তোমাকে টাইমার অন করে দেন প্র্যাকটিস করতে হবে।**

সঠিকভাবে করলে কী হবে?

- Cue Card বলার সময় আত্মবিশ্বাস থাকবে
- কথা আটকে যাবে না
- Band Score 7+ আসা একেবারে দুধভাত

Bonus Motivation:

যদি Fluency, Vocabulary, Grammar, আর Pronunciation সবকিছুতেই average থেকেও Cue Card ভালো বলতে পারো, তাহলে তুমি Speaking Test এ 7+ পর্যন্ত সহজেই স্কোর করতে পারো!
তাই এখনই শুরু করো—নিজের জীবনের গল্প দিয়ে Cue Card সাজাও।

এটাই psychological way + practical way = Success in IELTS!

ইনশাআল্লাহ, 7+ Band তোমার জন্য হবেই হবে।

এইতো গেলো এক মজার নিঞ্জা টেকনিক! যদি কিউ কার্ড কমন না পড়ে তাহলে কি করবা? চলো আরও কিছু নিঞ্জা টেকনিক দেখে নেই যাতে করে ইনস্ট্যান্ট আইডিয়া জেনারেট করা যায় এবং fluently কথা বলা যায়:

2.3.2. "Trigger Word" Technique – শব্দ দিয়ে স্মৃতি টানা!

একটা প্রশ্ন পড়েই মাথা খালি হয়ে যায়?

এই টেকনিক ব্যবহার করো—তুমি ঐযে ১ মিনিটের প্রিপারেশনে যে স্টোরিটা তোমার মাথায় সেট করেছ এবং **keywords/phrasal words গুলো লিখেছিলে, এখন সেই প্রতিটা keyword ধরো** আর সেই keyword থেকে relevant **মেমোরি ট্রিগার** করার চেষ্টা করো। **অর্থাৎ একটা keyword ধরো আর সেটা দিয়ে স্টোরি বলো।**

উদাহরণ:

Cue card: *Describe a helpful person*

Keyword: “helpful”

Trigger: স্কুলে একবার খাতা নিতে ভুলে গিয়েছিলে, আর এক বন্ধু তোমাকে তার নতুন একটি খাতা দিয়ে হেল্প করেছিল! যার ফলে ওইদিন তুমি তোমার স্কুলের জমের হাত থেকে বেচে গিয়েছিলে। তোমার টিচার তোমাকে আরে উত্তম মধ্যম দিতে পারে নি।

ব্যাস! বাজিমাত আইডিয়া! আইডিয়া চলে আসলো মাথায়। সেই সাথে তাকে নিয়ে আরও কিছু ঘটনা জোরা দাও। ঘণ্টা বেজে উঠল মনের দুয়ারে। এবার এই ঘটনা নিয়ে কিছু keywords লিখে ফেল। এবং সেই keywords ধরে ধরে ঘটনাটি বর্ণনা করো।

2.3.3. “I.E.R.L” Structure মনে রাখো (পরিপাটি উত্তর পাবে!)

S = Introduce (ঘটনা শুরু কিভাবে? পরিচয় করিয়ে দাও)
E = Experience (কি ঘটেছিল?)
R = Reflection (তোমার ভাবনা/অনুভুতি)
L = Lesson (কিছু শিখেছো?)

এই ফরম্যাটে যদি ভাবো, ১ মিনিটের মধ্যে পুরো একটা কাহিনী বানানো যায়। এটা তোমার মস্তিষ্ককে *ধারাবাহিকভাবে* চিন্তা করতে শেখায়।

2.3.4. Visualization Power – চোখ বন্ধ করো, ছবি আঁকো

কোন কিছু নিয়ে বলতে গেলে **চোখ বন্ধ করে সেই জায়গা/ঘটনা কল্পনা করো।** মানসচক্ষে তুমি যখন ঘটনাটা দেখতে পারো, তখন মুখে তা বলা অনেক সহজ হয়।

উদাহরণ:

"Describe a place you want to visit"

চোখ বন্ধ করো...

বরফে ঢাকা পাহাড়, কফির কাপ, মেঘে ঢাকা গিরিপথ কল্পনা করো

ব্যস! সিনেমার মতো গল্প তৈরি!

2.3.5. "Past Hack" – পুরনো স্মৃতি রিসাইকেল করো!

Cue card-এ নতুন কিছু বলতেই হবে এমন না। **আগের বলা গল্পকে ঘুরিয়ে ফিরিয়ে নতুনভাবে বলো।**

উদাহরণ:

"Describe a difficult decision you made"

এই গল্পটাকে আবার "Describe a challenge you faced" বা "Describe a risk you took" – এর জন্যও ব্যবহার করা যাবে। শুধু শুরু আর শেষটা একটু চেঞ্জ করলেই হলো! এই টেকনিক ইতোমধ্যেই বলা হয়েছে।

2.3.6. "Rapid Idea Dump" – ৩০ সেকেন্ডে যত খুশি ভাবো!

টপিক পাওয়ার পর **৩০ সেকেন্ড সময় নাও**, কাগজে বা মনে যা কিছু আসে ঝটপট লিখে ফেলো বা ভেবো—

বন্ধু, জায়গা, ঘটনা, খাবার, সিনেমা, অনুভূতি – যেটাই মাথায় আসে।

Don't judge your ideas, কারণ তুমি সত্য বলেছ নাকি মিথ্যা, IELTS Don't Care!

তখনই পরে সেগুলোকে সাজিয়ে সুন্দর cue card বানাও!

2.3.7. Emotion Hook – আবেগে জড়াও, মনে থাকবে!

তুমি যেটা নিয়ে **emotionally connected**, সেটা নিয়ে বললে fluency বাড়ে, ভুল কম হয়। কারণ মন থেকে যা আসে, তা মনেই থাকে।

উদাহরণ:

“Describe someone who inspired you”

মা, বাবা, দাদু বা প্রিয় স্যার—যাকে ভেবে চোখে জল আসে। সেই গল্প বললে examiner ও মুগ্ধ!

2.3.8. “2W1H” Magic Formula

WHO?
WHEN?
HOW?

এই তিনটা প্রশ্ন নিজের কাছে করো যেই মুহূর্তে cue card পড়ো—উত্তর একটার পর একটা চলে আসবে, একদম domino effect এর মতো।

Example:

Cue Card Topic: Describe a gift you gave to someone (Explain what it was, who you gave it to, and how they reacted.)

Step-by-step Using 2W1H:

WHO?
আমি এই গিফটটা দিয়েছিলাম আমার ছোট ভাইকে, ওর জন্মদিনে।

WHEN?
গত বছর ডিসেম্বরে, ওর ১২তম জন্মদিনে। ও তখন ক্লাস সিক্সে পড়ে।

HOW?
আমি আগে থেকেই জানতাম ও গেম খেলা খুব পছন্দ করে। তাই আমি আমার জমানো টাকায় ওর জন্য একটা wireless game controller কিনলাম Daraz থেকে। আমি এটা ওকে সন্ধ্যায় cake cutting এর আগে দিলাম। ও এত খুশি হয়েছিলো যে সাথে সাথেই বাক্স খুলে সেটআপ করে খেলতে শুরু করলো। ওর হাসি আর excitement দেখে আমি নিজেই খুব আনন্দ পেয়েছিলাম।

Final Answer:
One of the most memorable gifts I ever gave was to my younger brother. It was on his 12th birthday last December. I bought him a wireless game controller from Daraz, as I knew he loved playing mobile games. I saved up some of my pocket money to buy it. When I gave it to him before the cake-cutting, he was overjoyed! He immediately opened the box and started setting it up. His smile and excitement made me feel really happy and proud.

এইভাবেই তুমি যেকোনো Cue Card এ:

WHO = কার সাথে ঘটনাটা?
WHEN = কখন ঘটেছিল?
HOW = কিভাবে ঘটেছিল?

এই তিনটা প্রশ্ন করে মগজ থেকে গল্প টেনে বের করতে পারো, সেটা হোক বাস্তব অভিজ্ঞতা বা কাল্পনিক।

প্রতি cue card পড়ে এই 3টা প্রশ্ন করো—আইডিয়া আর আটকে থাকবে না ইনশাআল্লাহ!

বোনাস টিপ:

Cue card মানে গল্প বলা—আর মানুষ গল্প ভালোবাসে।
তাই গল্প বানাও, সাজাও, একটু নাটকীয়তা ঢুকাও, ব্যস! Idea তো ঝরঝর করে বের হবে!

আশা করা যায়, আইডিয়া জেনারেট করা শিখে গেছ। এখন আসো আরও কিছু টিপস জেনে নেই।

2.4. Use Linking Phrases to Connect Ideas Smoothly

Speech এ smooth flow আনতে **linking phrases** must! কনফিউজড না হয়ে এগুলা ব্যবহার করো:

শুরু করার সময়: **To begin with / Firstly**
ঘটনা চালিয়ে যেতে: **Then / After that / Secondly / Thirdly etc.**
কিছু interesting বলার আগে: **Interestingly / What surprised me was**
Example দেবার সময়: **For example / For instance**
শেখা বা realization শেয়ার করতে: **One thing I realized was**
শেষ করার সময়: **In conclusion / To sum up**

এইসব connectors speech কে smart, smooth, আর organized করে তোলে! যেহেতু এই বইটি শুধু মাত্র কৌশল শেখানোর জন্য লেখা, তাই এখানে বেশি প্রাকটিস words বা sentences ব্যাবহার করা হয় নি। আরও অনেক **linking phrases/connecting words** আছে যা ব্যাবহারে ফ্ল ধরে রাখা যায় এবং সেই সাথে cohesive devices এর ভালো ব্যাবহার করা যায়, যা ভালো স্কোর তুলতে সহয়তা করে।

2.5. Add Relevant Detail and Description

Band 7+ পেতে vague কথা বলা যাবে না। Specific হও!

কিভাবে:

• নাম, জায়গা, তারিখ, feelings—সব mention করো।
• 5 senses use করো—কী দেখলে, শুনলে, গন্ধ পেলা, খাইলা, কেমন লাগল।
• কেন event টা memorable ছিল, সেটা explain করো।

Example:

“I went to a park.”

“I visited Hyde Park in London, where the lush greenery and serene lake made it a perfect escape from the city hustle.”

দেখলা, কতটা vivid লাগলো?

2.6. Manage Your Pace and Avoid Pauses

- কথা বলার speed steady রাখো—না বেশি slow, না বেশি fast
- হঠাৎ pause দিলে “Let me think…” বা “That’s an interesting question…” বলো।
- Practice-এ বিভিন্ন topic নিয়ে ২ মিনিট non-stop বলার অভ্যাস গড়ো।

Speech-এ pause মানেই breakdown—সেটা ভুলে যাও!

2.7. যদি হঠাৎ মাথা ব্ল্যাঙ্ক হয়ে যায় বা আটকে যাও

1. একটা Deep Breath নাও, একটু Pause দাও

Pause নেওয়া মানেই তুমি ভুল করছো না—IELTS examiner বুঝবে তুমি ideas organize করছো।

Example:

"Let me think for a while… Okay!"

"Well, actually, that reminds me of something…"

2. যেখান থেকে শুরু করেছিলে, সেখানেই ফিরে যাও

একটু রিক্যাপ করলে তুমি আবার আগের ফ্লোতে চলে আসতে পারো।

Example:

"So as I said earlier, it was during my school days..."

"Like I mentioned, my cousin was the main person involved..."

3. 'Fillers' Use করো Smartly

Meaningful Fillers ব্যবহার করলে তোমার fluency ঠিক থাকবে।

Useful Fillers:

"Actually, I've never thought about it deeply, but..."

"Well, to be honest, there are a few things that come to mind..."

"Hmm... that's quite an interesting question!"

4. অন্য Related কিছু Mention করো

তুমি যদি মূল বিষয় নিয়ে বেশি কিছু না বলতে পারো, related কিছু বলো।

Example:

"I haven't had much personal experience with that, but one of my friends has, and he told me that..."

5. একটু Hypothetical ভাবে বলো

বাস্তবে না ঘটলেও, কল্পনা করে বলো। Examiner গল্পের সত্যতা যাচাই করবে না।

Example:

"Although I haven't faced such a situation personally, if I ever did, I would probably..."

6. Topic-এর একদম Easy Part নিয়েও কথা বাড়াও

ধরো "Describe a place"—তুমি যদি details ভুলে যাও, তাহলে describe করো:

- how you felt
- how the weather was
- what people were wearing
- how you went there

7. Ending Lines মনে রাখো—যদি আগে থেমে যেতে চাও

Example:

"So yeah, that was really a special moment for me."

"All in all, it was a day I'll always remember."

"And that's something I still think about from time to time."

Pro Tip:

Practice in 'imperfect conditions'—stopwatch on, background noise, sudden questions—so তুমি অভ্যস্ত হয়ে যাবে pressure handle করতে।

Some fillers:

1. Time-Gaining Fillers (*Pause নেওয়ার জন্য*)

Basic Version	Advanced / Band 7+ Version
"Hmm... let me think for a second."	"Well, let me take a moment to gather my thoughts."
"That's an interesting topic..."	"That's quite a thought-provoking question—give me a second to reflect on it."
"Let me try to remember it properly."	"I'm trying to jog my memory here... just a moment."

"I need a few seconds to organize my thoughts."	"Give me a few seconds to structure my response more clearly."
"I haven't thought about this in a while..."	"It's been a while since I last thought about this, but here's what I recall."

2. Restart Fillers (যখন মাথা থেকে বের হয়ে যায়)

Basic Version	Advanced / Band 7+ Version
"As I was saying earlier..."	"To circle back to what I was mentioning earlier..."
"Let me go back to what I was talking about."	"Let's revisit the point I was initially making."
"I missed something... oh yes!"	"I almost overlooked an important detail—now I remember!"
"Now that I think of it..."	"On second thought, I believe there's more to it."
"Just remembered something else related to that."	"Something just came to mind that perfectly aligns with this."

3. Expansion Fillers (যখন বলতে কিছু নেই মনে হয়)

Basic Version	Advanced / Band 7+ Version
"Another thing I'd like to add is..."	"In addition to that, there's another aspect worth highlighting..."
"It's worth mentioning that..."	"What's particularly noteworthy is..."
"Not only that, but also..."	"Furthermore, it's important to note that..."
"What made it special was..."	"What truly set this experience apart was..."
"To explain in more detail..."	"To elaborate on that a bit further..."

4. Hypothetical Fillers (যদি সত্যি কিছু না থাকে বলার মতো)

Basic Version	Advanced / Band 7+ Version
"I haven't experienced it personally..."	"Although I haven't had the privilege of experiencing it firsthand, I can certainly envision..."

"If I get a chance..."	"Should the opportunity arise, I would be genuinely eager to..."
"Suppose I had that experience..."	"Hypothetically speaking, if I were in that situation, I imagine I'd feel..."
"Even though it hasn't happened yet..."	"Despite not having encountered it yet, I have a strong sense that it would be..."

5. Ending Fillers (*শেষ করতে চাইলে*)

Basic Version	Advanced / Band 7+ Version
"So yeah, that's what happened."	"So, that essentially sums up my experience."
"That's why it was memorable for me."	"And that's precisely what made it such a remarkable moment in my life."
"It was a wonderful experience."	"All things considered, it turned out to be an incredibly rewarding experience."
"I still smile when I think about it."	"Even now, it brings a smile to my face every time I reminisce about it."
"That's all I have to say."	"That more or less encapsulates everything I wanted to share."

এছাড়াও আরও অনেক fillers আছে যা প্র্যাকটিস বইগুলোতে পেয়ে যাবা। যেগুলো প্র্যাকটিস করে নিজের স্পিকিংকে ডেভেলপ করতে পারবা।

2.8. Practice Timing and Use Your Preparation Minute Efficiently

আগেও বলেছি তারপরেও স্মরণ করিয়ে দেওয়া-এক মিনিটের preparation time optimally use করতে:

• অনেক notes লিখে time waste করো না।
• ৬-১০ টা keyword বা phrase-ই যথেষ্ট। প্রয়োজনে এর কম বা বেশি তোমার সুবিধা অনুযায়ী লিখে ফেলতে পারো।
• Full sentence লিখবা না, এতে keyword লেখার টাইম পাবা না এবং সেই অনুসারে spontaneous বলতেও পারবা না।

Practice-এ **real test environment** simulate করো—stopwatch set করো, ১ মিনিট note নেও, তারপর ২ মিনিট speech। যত বেশি practice, তত বেশি confidence!

শেষ কথা:

Part 2 হইলো তোমার golden chance! এই part-টা ভালোভাবে handle করতে পারলে examiner খুশি হয়ে তোমারে Band 7 বা তারও বেশি দিবে! So, প্রতিদিন একটু একটু করে prepare করো, confident থাকো, আর মজা করে শেখো!

Chapter 3: Part-3 Anatomy & Strategy – Analytical Response Structure

IELTS Speaking Part 3 হলো একেবারে শেষ অংশ, যেখানে examiner তোমাকে একটু **abstract, opinion-based** বা **complex** প্রশ্ন করবে – যেগুলো Part 2-এর topic এর সাথে related থাকবে। এই part টা প্রায় **4-5 মিনিট** চলে বা তার কিছু বেশি এবং এখানে শুধু fluency না, **critical thinking, logic, আর reasoning** ও দেখাতে হবে।
যদি আপনি **Band 7, 8, বা 9** পেতে চান, তাহলে একটা **planned strategy** দরকার হবে – যেমন structure, vocabulary আর confident delivery.

3.1. Understand the Nature of Part 3 Questions

Part 3-এর questions সাধারণত চাইবে তুমি:

• নিজের মতামত প্রকাশ করো এবং সেটা justify করো।
• দুইটা idea কে compare বা contrast করো।
• Future-trend নিয়ে predict করো।
• কারণ ও পরিণতি নিয়ে কথা বলো।

Examples:
• "Do you think technology has improved communication?"
• "How can governments encourage people to recycle more?"
• "What are the advantages and disadvantages of urbanization?"

Tip: এই type-এর প্রশ্নে emotion কম, logic বেশি দেখাতে হয়!

3.2. The P-R-E-E Strategy: Structuring Your Responses

একটা powerful answer দিতে চাইলে, এই 4-step formula follow করো:

Component	Purpose	Example
P: Point	Main idea বা opinion বলা	"I believe technology has significantly improved communication."
R: Reason	কেনো এই opinion রাখো	"This is because it allows instant messaging and video calls regardless of distance."

E: Example	Real-life বা relatable উদাহরণ দেও	"For example, families separated by continents can now talk face-to-face using apps like Skype."
E: Expand	আরও explain করো, বা একটু contrast দেও	"However, excessive reliance on digital communication can reduce face-to-face interaction skills."

এই P-R-E-E format তোমার উত্তরকে **organized, logic-based এবং impressive** করে তোলে।

আরও একটি Sample Question and Model Answer Using P-R-E-E:

Q: Do you think governments should invest more in public transportation?

A:

• **Point:** Yes, I believe investing in public transportation is essential.

• **Reason:** Because it reduces traffic congestion and pollution in urban areas.

• **Example:** For instance, cities like Tokyo and London have extensive subway systems that efficiently move millions daily.

• **Expand:** However, this requires continuous funding and maintenance to remain effective, which can be challenging for some governments.

দেখো, কত সুন্দরভাবে logic, reason, example, আর expansion একসাথে কাজ করছে!

3.3. Use Strategic Opinion Phrases and Modifiers

ভালো score চাইলে, blunt কথা না বলে একটু **sophisticated ও thoughtful language** use করতে হবে।

এই phrases গুলো use করো:

- "From my perspective..."
- "It could be argued that..."
- "One possible reason is..."
- "In contrast to..."

- "This suggests that…"
- "On the other hand…"

এই expressions গুলো use করলে আপনি শুনতেই **Band 8+ level** এর candidate মনে হবে! আরেকটি বিষয়-এই phrases গুলো যে শুধু এই পার্ট এই ব্যাবহার করবা তা কিন্তু নয়, প্রয়োজনে অন্যান্য পার্টেও ব্যবহার করতে পারো। সে যাই ই হোক।

3.4. Balance Complexity with Clarity

• Complex sentence বলো, যেমন although, because, while, since use করে।
• কিন্তু careful থাকো—over-complicated grammar ভুল করাতে পারে।
• Active আর passive voice mix করে বললে variety আসে।
• Conditional sentences খুব ভালো কাজ করে। তাই শিখে ফেলো এবং ব্যবহার করো।

যতটা possible **clear ও smooth** ভাবে বলো। ভুল grammar = lower score.

3.5. Practice Speculation and Hypothetical Responses

Examiner অনেক সময় তোমাকে future trends বা hypothetical ideas নিয়ে প্রশ্ন করতে পারে।

তাই practice করো এই expressions:

- "If I were to guess…"
- "In the future, it's likely that…"
- "This might lead to…"
- "If people adopted this practice more widely, then…"

এই টাইপ phrases use করলে তোমার উত্তর হবে আরও **advanced, thoughtful, and full of imagination**! এছাড়াও আরও অনেক ধরনের phrases আছে যেগুলো use করা যেতে পারে।

3.6. Avoid Common Part 3 Pitfalls

কি করা উচিত না – এসব avoid করো:

- Short বা undeveloped answer দেওয়া – elaborate always!
- পুরা answer মুখস্থ করে বলা – examiner ধরতে পারবে।
- Topic থেকে বিচ্যুতি – question এর উপর focus রাখো।
- Very fast কথা বলা – examiner বুঝতেই পারবে না।

Mindset: Clear, structured, and confident answer দিলে score automatically বাড়বে।

Final Tips for Part 3 Success

- বিভিন্ন abstract topic নিয়ে কথা বলার অভ্যাস করো।
- নিজেকে record করে শোনো – কি ভাবে structure use করছো, সেটা খেয়াল করো।
- Opinion editorial পড়ো বা debate দেখো – logic আর expression শেখো।

Part 3 master করলে তুমি **শুধু language না, thought process, maturity, আর communication skill ও show করতে পারবা।**

শেষে কিছু বলে যাইঃ

IELTS Speaking Part 3 হচ্ছে এমন একটা জায়গা, যেখানে তুমি তোমার English + Mindset + Logic সবকিছু একসাথে showcase করতে পারবা।

Band 7+ পেতে হলে, এই strategy গুলো ঠিক মতো follow করলেই হবে!

Chapter 4: Fluency Strategy – Response Automation

IELTS Speaking-এ Fluency হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। এটা বোঝায় তুমি কিভাবে অপ্রাকৃত বিরতি, হেসিটেশন বা রিপিটেশন ছাড়া স্বচ্ছন্দে ও ধারাবাহিকভাবে কথা বলতে পারো। Band 7 বা তার উপরে যারা, তারা এমনভাবে কথা বলতে পারে যেন সেটাই তাদের প্রাকৃতিক কথা বলার ধারা।

এই অধ্যায়ের মাধ্যমে শিখে যাবা কীভাবে তোমার মস্তিষ্ক এবং মুখ এমনভাবে কাজ করবে যাতে তুমি প্রশ্নের উত্তরে চিন্তা না করে, স্বয়ংক্রিয়ভাবে এবং ফ্লুয়েন্টলি উত্তর দিতে পারো।

4.1. IELTS Speaking-এ Fluency কি?

Fluency বলতে মূলত তিনটি বিষয় বোঝানো হয়:

- **Speed:** স্বাভাবিক গতি বজায় রেখে কথা বলা, খুব দ্রুত বা খুব ধীর না।
- **Logic:** স্পষ্ট ও সুসংগঠিতভাবে ধারাবাহিক ভাব প্রকাশ করা।
- **Minimal Pauses:** ‘Um’, ‘Ah’ বা দীর্ঘ বিরতি কমানো।

4.2. Fluency এর মূল: Response Automation

Band 7+ পেতে হলে তোমার কথা বলার সময় মনে মনে বারবার শব্দ বা ব্যাকরণ চিন্তা না করে, ভাষা যেন স্বয়ংক্রিয়ভাবে তোমার মুখ থেকে বের হয় সেই চিন্তা করতে হবে। অর্থাৎ, cognitive load কমাতে হবে।

4.3. Fluency বাড়ানোর জন্য গুরুত্বপূর্ণ এক্সারসাইজ

Fluency বাড়ানোর সবথেকে বেস্ট এবং কার্যকরী উপায় হল প্রাকটিস করা। তবে প্রাকটিসের কিছু নিয়ম আছে। নিজে তো প্রাকটিস করতে চাই কিন্তু আমার মনতো চায় না। হ্যাঁ রে ভাই এটা আমাদের কমন সমস্যা।

এক্ষেত্রে একটা strategy শেয়ার করি:

আমি যখন আন্ডারগ্র্যাজুয়েটে পড়তাম তখন আমি আর আমার এক বন্ধু প্রাকটিস করতাম। আমি আমার ক্লাসের পড়া ওকে ইংলিশে বুঝাতাম অর্থাৎ লেকচার দিতাম। ও ও আবার আমাকে লেকচার দিত, আমি শুনতাম। এক ঢিলে ২ পাখি মেরে দিলাম। লিসেনিং ও হলো স্পিকিং ও হলো। এদিকে সিজিও বাড়লো। দিন ই তো আমার!

এবার বলি আর এক কাহিনী:

আমার একাডেমীক পড়া বোঝার জন্য আমি ইউটিউবে ইংলিশ লেকচার শুনতাম যার ফলে কিছু ইংলিশ ভাইব আস্তে আস্তে নিজের মধ্যে চলে আসে। এতে স্পিকিং এর জন্য কিছু words অটোমেটিক শোনার মাধ্যমে subconscious mind এ সেট হয়ে যায় যা পরে মুখে অটোমেটিক চলে আসতো। এইতো ছিল সেই দিনের গল্প। এবার আসো আরও কিছু নিঞ্জা টেকনিক জেনে নেই।

A. ৩০ সেকেন্ড Q&A ড্রিলস

- দৈনন্দিন সাধারণ প্রশ্ন বাছাই করো (যেমন, "What is your favorite food?")।
- ৩০ সেকেন্ডের মধ্যে থামানো ছাড়া সম্পূর্ণ বাক্যে উত্তর দাও।
- স্পিড এবং স্পষ্টতায় ফোকাস করো, perfect grammar নয়।
- ধীরে ধীরে 'um', 'ah' এর ব্যবহার কমাও। প্রথমে তো একটু um, ah হবেই, পরেই কমে যাবে।

B. ১ মিনিট টক চেইন

- পরিচিত কোনো টপিক যেগুলো IELTS এ কমনলি আসে (যেমন, "My hometown") বেছে নাও।
- ১ মিনিট ধরে ধারাবাহিকভাবে কথা বল, এক পয়েন্ট থেকে অন্য পয়েন্টে লজিক্যালি যেয়ে।
- ভুল হলে থামবা না, আজকে গাড়ি চলবেই! ভাবতে গেলে fillers (যেমন, "Well...", "Let me think...") ব্যবহার করো। বুঝতেই দিও না যে তুমি মামা কট খাইছো।
- রেকর্ড করে শুনে নিজের ফ্লুয়েন্সি পরীক্ষা করো। অথবা এত কারেন্ট না থাকলে পার্টনারের সাথে কথা বলার সময়ই নিজেকে নিজে যাচাই করে নাও।

C. Fillers ব্যবহার দক্ষতা

- Controlled fillers ব্যবহার করো flow ধরে রাখতে, যেমন:
  - "Well..."
  - "Let me think..."
  - "That's an interesting question..."

বেশি ব্যবহার করিও না ভাই, স্কোর যে কমে যাবে তাই!

Shadowing টেকনিক

- নেটিভ স্পিকারের কোনো রেকর্ডিং (যেমন podcast বা interview) শুনে ফেলো।
- সাথে সাথে ওর **rhythm**, **stress** আর **intonation** অনুকরণ করার চেষ্টা করো — যেন তুমি ওর exact reflection!
- এতে তোমার speech আরও **natural** আর **fluent** হয়ে উঠবে, guaranteed!

Fluency Pitfalls এড়ানোর টিপস

- পুরো answer মুখস্থ করিও না—বরং **flexible language blocks** তৈরি করো, যেগুলা যেকোন প্রশ্নে ব্যবহার করা যায়।
- হঠাৎ হেসিটেশন হলে ভয় পেয় না ও পিও—**controlled pause** দেয়া চুপ করে থাকার থেকে অনেক ভালো।
- খুব ধীরে ধীরে বললে examiner বিরক্ত হতে পারে, তাই নিজের **natural speed** বজায় রাখো।
- একঘেয়ে (monotone) কণ্ঠে বলিও না—বরং natural **intonation** রাখো, যেন lively লাগে।

Fluency Progress নিজেই কিভাবে বুঝবা?

নিজেকে এই প্রশ্নগুলো করোঃ

- আমি কি মাঝেমধ্যে awkward pause দিচ্ছি?
- আমি কি ১–২ মিনিট ধরে একটানা কথা বলতে পারি?
- আমি কি fillers (যেমন, “Well…”, “Let me think…”) সঠিকভাবে ব্যবহার করছি?
- আমি কি একেবারে স্বাভাবিক গতি বজায় রেখে বলছি, না কি কখনো খুব ধীরে বা খুব দ্রুত বলি?

শেষ কথা:

ওহে ও বিদ্বান! Fluency মানে “দ্রুত কথা বলা” না—বরং সেটা হলো smooth, logical আর naturally বয়ে যাওয়া কথা।

তাই ঘাবড়িয়ো না, নিয়মিত প্র্যাকটিস করো, আর আত্মবিশ্বাস নিয়ে বলে যাও—তুমি পারবে!

Chapter 5: Coherence Strategy – Organizing Your Ideas

Band 7–9 এর জন্য Logical Flow আর Clear Connection বানানোর মাস্টারপ্ল্যান!

IELTS Speaking-এ **coherence** একটা মেইন scoring criterion। এর মানে তুমি কীভাবে ideas গুলোকে logically আর clearly connect করো, সেটা দেখা হয়। যারা high band পায়, ওরা এমনভাবে answer দেয়—examiner তো মনে করে Netflix series দেখতেছে, smooth আর flowing!

এই chapter-এ এমন সব actionable techniques থাকছে, যা দিয়ে তুমি তোমার thoughts-কে দারুনভাবে organize করতে পারবে আর কথা বলবে confident, clear আর logic-এ ভরপুর!

5.1. What Is Coherence?

Coherence মানে কি জানো? ধরো, তুমি গল্প বলছো—আর হঠাৎ করে গল্পে এলিয়েন চলে আসলো—হ্যাঁ, coherence না থাকলে এভাবেই লাগবে!

তাই, coherence বলতে বোঝায়:

- Ideas গুলার logical sequence
- Sentences এর মধ্যে clear relationship
- Transition গুলা smooth—যেগুলা linking words & phrases দিয়ে হয়
- Topic shift যেন abrupt না হয়—হঠাৎ উল্টা পাল্টা না লেগে যায়!

যখন তোমার speech logically flow করে, তখন examiner তোমার উত্তরগুলো ফলো করতে পারে একদম effortlessly—আর তোমার score যায় একদম sky-high!

5.2. Use Logical Connectors Strategically

Connectors হলো তোমার কথা বলার মধ্যে ব্রিজ—যেন এক idea থেকে আরেকটাতে smoothly পার হওয়া যায়।

নিচে function অনুযায়ী কিছু connector দেয়া আছে যাতে করে একটা আইডিয়া দেয়া যায়। আবারো বলি বাজারে অনেক বই আছে যেগুলাতে এই ধরনের connectors এর বিশাল সমাহার রয়েছে। এখানে শুধু বোঝানোর জন্যে কিছু উদাহরণ দেয়া হল:

Purpose	Connectors Examples	Usage Tip
Addition	Also, In addition, Moreover, Furthermore	Extra ideas বা support দিতে ব্যবহার করো
Contrast	However, On the other hand, Although	দুইটা ভিন্ন point বা opinion দেখাতে
Cause & Effect	Therefore, As a result, Consequently	কোনো কিছু কেন হল বা তার result বোঝাতে
Sequence	Firstly, Secondly, Then, Next, Finally	Ideas গুলো একটা proper order-এ সাজাতে
Example	For example, For instance, Such as	Examples introduce করতে use করো

Practice Tips: একটা চার্ট বানাও—২০টা connector লিখে ফেলো, আর প্রতিদিনের practice-এ অন্তত ২টা করে নতুন connector জুড়ে দাও তোমার উত্তরগুলোতে। তুমি নিজেই বুঝবে flow কত smooth হয়ে গেছে!

5.3. Common Coherence Mistakes – যেগুলা একদম বাদ!

এসব করলে কিন্তু band নেমে যেতে পারে, তাই সাধু সাবধান:

- Transitions ছাড়া হুট করে idea থেকে idea তে jump দেয়া
- একটা point বারবার বলে যাওয়া—বারবার ভাত গরম করা যেমন বিরক্তিকর!
- Disconnected short sentences—elaboration নাই মানেই bland উত্তর
- Fillers overuse করা—"um", "like", "you know" দিয়ে পুরো answer ভর্তি করলে coherence উধাও!

আবারও কিছু শেষ কথাঃ

Coherence হচ্ছে তোমার IELTS Speaking-এর GPS! Without it, তুমি কথা বললেও examiner বুঝবে না তুমি কোথায় যাচ্ছো। তাই idea গুলো সাজিয়ে বলো, connectors দিয়ে bridge বানাও, আর elaboration-এ মাস্টার হও!

Band 7–9 হাতের নাগালেই—just তুমি নিজেকে গুছিয়ে উপস্থাপন করো!

Chapter 6: Vocabulary Strategy – Thematic Lexical Sets

IELTS পরীক্ষকদের ইমপ্রেস করার মতো সমৃদ্ধ ও প্রাসঙ্গিক শব্দভাণ্ডার তৈরি করো।

Lexical Resource বা শব্দভাণ্ডার, IELTS Speaking-এর একটি গুরুত্বপূর্ণ ব্যান্ড নির্ধারণের মানদণ্ড। Band 7 বা তার বেশি পেতে হলে, তোমাকে অনেক বৈচিত্র্যময় শব্দ সঠিক ও প্রাসঙ্গিকভাবে ব্যবহার করতে জানতে হবে। কিন্তু এলোমেলোভাবে শব্দ মুখস্থ করাটা কার্যকর না এবং শুনতেও অস্বাভাবিক লাগে।

এই অধ্যায়টা তোমাকে দেখাবে কিভাবে টপিকভিত্তিক শব্দ সেট তৈরি করে তা স্বাভাবিকভাবে ব্যবহার করতে পারো, যাতে তোমার ভাষা হয় আরও নিখুঁত ও বৈচিত্র্যপূর্ণ।

6.1. কেন থিমভিত্তিক লেক্সিকাল সেট ব্যবহার করবে?

- প্রাসঙ্গিকতা অনুযায়ী শিখলে শব্দগুলো মনে রাখা সহজ হয়।
- টপিকভিত্তিকভাবে শব্দ সাজালে পরীক্ষায় সহজে মনে পড়ে।
- Common IELTS টপিকগুলোর জন্য প্রস্তুতি নেওয়া যায় এবং সেগুলোকে নমনীয়ভাবে ব্যবহার করা যায়।

6.2. Common IELTS Speaking টপিক চিনে রাখো।

এই টপিকগুলো বেশি আসে, তাই এদের জন্য লেক্সিকাল সেট বানাও:

- Education (শিক্ষা)
- Environment (পরিবেশ)
- Health & Fitness (স্বাস্থ্য ও সুস্থতা)
- Travel & Tourism (ভ্রমণ ও পর্যটন)
- Technology (প্রযুক্তি)
- Food & Cooking (খাদ্য ও রান্না)
- Work & Career (কাজ ও পেশা)
- Culture & Tradition (সংস্কৃতি ও ঐতিহ্য)

6.3. কিভাবে লেক্সিকাল সেট তৈরি করবে

প্রতিটা টপিকের জন্য:

1. সেই বিষয়ের সাথে সম্পর্কিত কমপক্ষে ৮–১০টা উন্নত ও প্রাকৃতিক শব্দ/ফ্রেজ লেখো।
2. Collocations (যেসব শব্দ একসাথে চলতে অভ্যস্ত) যোগ করো।
3. সাধারণ শব্দগুলোর সমার্থক শব্দ লিখে রাখো যাতে বারবার একই শব্দ না বলতে হয়।
4. প্রয়োজনে কিছু phrase ও idiom যোগ করো।

আসো একটা উদাহরণ দেখে নেইঃ Environment লেক্সিকাল সেট

শব্দ/ফ্রেজ	**Collocations / ব্যবহার**
Sustainability	sustainable development, sustainability efforts
Carbon footprint	reduce carbon footprint, carbon emissions
Eco-friendly	eco-friendly products, eco-friendly practices
Renewable energy	solar power, wind energy, renewable sources
Climate-conscious	climate-conscious decisions, climate-conscious lifestyle
Pollution	air pollution, water pollution, pollution levels
Conservation	wildlife conservation, conservation efforts
Biodiversity	protect biodiversity, biodiversity loss

আশা করি বুঝে গিয়েছ কিভাবে লেক্সিকাল সেট বানাতে হবে।

Collocation আর প্রাকৃতিক ফ্রেজ ব্যবহার করো:

উদাহরণ: "help the environment" বলার বদলে বলো—"take preventive measures against pollution" অথবা "make a conscious choice to use eco-friendly products"

6.4. Vocabulary প্র্যাকটিসের কিছু টিপস

- ফ্ল্যাশকার্ড বানাও—শব্দ, অর্থ ও উদাহরণ সহ। প্রাকটিস করো।
- প্রতিটা নতুন শব্দ বা ফ্রেজ দিয়ে অন্তত ২টা ভিন্ন উত্তর তৈরি করো।
- জোর করে কঠিন শব্দ ব্যবহার কোরো না—যেগুলো উচ্চারণ ও ব্যবহার সহজ মনে হয় সেগুলোই আগে শিখো।
- **Main কথা:** নতুন শেখা শব্দটি নিজের স্পিকিং এ নিয়ে আসো। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাধারণত মানুষ অনেক শব্দ জানে (passive vocabs) কিন্তু ব্যবহার (active vocabs) করতে পারে না। তাহলে লাভ আছে? না নাই। তাই প্রাকটিস করো।

অতিরিক্ত বা ভুল ব্যবহার এড়িয়ে চলো:

- এক উত্তরেই অনেক কঠিন শব্দ ঠেসে দিও না।

- একই শব্দ বারবার বলার চেয়ে সমার্থক শব্দ ব্যবহার করো।
- সঠিক context ছাড়া শব্দ ব্যবহার করলে অর্থ বদলে যেতে পারে—তাই সচেতন হও।
- জটিলতার চেয়ে পরিষ্কারভাবে বলা বেশি গুরুত্বপূর্ণ।

শেষ কথা বলে যাইঃ

লেক্সিকাল রিসোর্স মানে শুধু কঠিন শব্দ মুখস্থ নয়—বরং প্রাসঙ্গিক টপিক অনুযায়ী সঠিক ও প্রাকৃতিক শব্দ বেছে নেওয়া। তাই নিয়মিত টপিকভিত্তিক প্র্যাকটিস করো, collocation শিখো, রেকর্ড করে শোনো, আর নিজের শব্দভাণ্ডারকে এক ধাপে এগিয়ে নাও!

Chapter 7: Pronunciation Strategy – Intelligibility First

স্পষ্ট, স্বাভাবিক ও বোধগম্য বক্তৃতা অর্জন করো!

IELTS Speaking-এর চারটি মূল্যায়ন মানদণ্ডের একটি হলো **Pronunciation**। Band ৭ বা তার উপরে স্কোর পেতে হলে তোমার কথা স্পষ্ট ও সহজে বোঝার মতো হতে হবে। নিখুঁত ব্রিটিশ বা আমেরিকান অ্যাকসেন্টের দরকার নেই—তোমার মূল লক্ষ্য হওয়া উচিত **intelligibility**, অর্থাৎ পরিষ্কারভাবে বুঝিয়ে বলা। এর সাথে **word stress**, **sentence stress**, **rhythm**, আর **linking sounds** ব্যবহারে দক্ষ হওয়াটাও জরুরি।

এই অধ্যায়ে কিছু কার্যকর কৌশল আলোচনা করা হয়েছে, যেগুলো অনুসরণ করলে তুমি আরও আত্মবিশ্বাসের সাথে স্পষ্টভাবে কথা বলতে পারবে।

7.1. বোঝাপড়াকে অগ্রাধিকার দাও, অ্যাকসেন্ট নয়

- লক্ষ্য হওয়া উচিত—তোমার কথা যেন সহজে বোঝা যায়, নিখুঁত অ্যাকসেন্ট নয়।
- অনেক পরীক্ষার্থীই নিজস্ব অ্যাকসেন্ট নিয়ে কথা বলে Band 7+ পায়, কারণ তাদের উচ্চারণ স্পষ্ট।

7.2. শব্দে সঠিক stress প্রয়োগ করো

- ইংরেজি শব্দগুলোতে সাধারণত একটা নির্দিষ্ট syllable বেশি জোর দিয়ে বলা হয়।
- ভুল stress দিলে শব্দ বোঝা কঠিন হয় (যেমন: pho-TOG-ra-phy ঠিক, কিন্তু PHO-to-graphy ভুল)।
- অনলাইন ডিকশনারিতে অডিও শোনো অথবা বিভিন্ন ভিডিও দেখো ও অনুশীলন করো।

7.3. sentence stress দিয়ে অর্থ স্পষ্ট করো

- প্রতিটি বাক্যে কিছু শব্দ বেশি গুরুত্ব পায়—সেগুলো হলো nouns, verbs, adjectives, adverbs।
- articles, prepositions, auxiliary verbs সাধারণত unstressed হয়।

উদাহরণ: "I really enjoy reading books." এখানে stress থাকবে "really" ও "reading"-এ।

7.4. Linking sounds ব্যবহার করো

ইংরেজি কথোপকথনে শব্দগুলো একে অন্যের সাথে যুক্ত হয়ে fluency তৈরি করে।

যেমন:

- “Go on” শোনাবে /go-won/
- “I want to” শোনাবে /I wanna/

Linking শব্দ প্র্যাকটিস করলে তুমি আরও প্রাকৃতিকভাবে কথা বলতে পারবে।

7.5. অনুশীলনের কৌশল

- নিজের কথা রেকর্ড করে শোনো অথবা পার্টনারকে শোনাও—বোঝা যাচ্ছে কি না যাচাই করো।
- Elsa Speak বা Forvo-এর মতো অ্যাপ ব্যবহার করে pronunciation প্র্যাকটিস করতে পারো। But বেস্ট অপশন হলো পার্টনার খুঁজে বের করা এবং তার সাথে স্পিকিং প্র্যাকটিস করা। স্পিকিং এর অন্যতম ফরজ কাজ এটা।
- TED Talk বা podcasts থেকে native speakers-এর মতো shadow করো—rhythm ও intonation অনুকরণ করো।
- প্রতিদিন জোরে পড়ো—stress ও linking-এর দিকে খেয়াল রাখো।

Chapter 8: Chapter 8: Grammar Strategy – Use, Don’t Show Off

IELTS Speaking-এ grammar মানে শুধু বড় বড় sentence না—বরং simple, accurate আর natural sentence structure-ই বেশি important!

8.1. Band 7+ Grammar মানে কি?

Band 7+ candidates typically:

- Simple + Complex sentence mix করে।
- Tense use করতে পারে naturally।
- Article, preposition, subject-verb agreement ঠিক থাকে।
- Mistake করে না অহেতুক complex structure use করতে গিয়ে।

Accuracy is King

ভুল করা complex sentence-এর চেয়ে correct simple sentence অনেক ভালো।

Correct: “I enjoy traveling because it broadens my horizons.”

Incorrect: “I enjoys traveling which it broaden my horizon.” ← Grammar বিপদ!

8.2. Complex Structure শেখো – Show Off না!

Try to use:

Conditionals: If I had the chance, I would visit Bhutan.
Relative Clauses: The place that I visited last year was beautiful.
Comparisons: Dhaka is more crowded than Barishal.
Passive Voice: The match was canceled due to rain.
Contrast: Although it was late, we continued studying.

Real Answer Example:

"Although I rarely travel, I enjoy watching travel vlogs. If I had more time and money, I'd love to explore the world someday."

Avoid These Common Mistakes:

- Verb tense মেলেনা
- Article ভুল (a, an, the)
- Preposition mismatch
- Subject-verb mismatch (e.g., He go → He goes)
- Complex বানাতে গিয়ে meaning loss

কিছু কথা বলে দেয়া ভালোঃ

IELTS এ গ্রামার গুরুত্বপূর্ণ। তার মানে এই না যে গ্রামারকেই ফোকাস করে বসে থাকবা। আগে fluency আনো, তারপর নাহয় গ্রামার নিয়ে চিন্তা ভাবনা করি।

প্রিপারেশন শেষ হলে কমপক্ষে ৫ টি মক টেস্টে অংশগ্রহণ করো যাতে করে তুমি তোমাকে ভালোভাবে judge করতে পারো এবং real test এর environment ফিল করে নিজেকে confident হিসেবে গড়ে তোলতে পারো। Real test যেখানে দিবা সেই এক ই জায়গায় মক টেস্টও দিবা, এতে করে real test এর environment বুঝতে পারবা এবং তোমার গ্যাপগুলোকে সহজেই ধরতে পারবা।

বলতে বলতে অনেক বলে ফেললাম। আর বাড়াবো না। শুধু এতটুকু বলি আল্লাহর উপরে ভরসা রেখে ইনশা আল্লাহ বলে আজ থেকেই শুরু করে দেও। বইটির বর্ণিত টিপসগুলো ফলো করো; আশা করি স্পিকিং এর জন্য আর কিছু ফলো করা লাগবে না ইনশা আল্লাহ।

Appendix

Top 50+ Common IELTS Speaking Topics

Common 48 Cue Card Topics

1. CC-1: Describe a New Development in Your Country or the Area Where You Live
2. CC-2: Describe a New Infrastructure in Your City
3. CC-2: Describe Something You Did That Made You Feel Proud / Describe A Risk You Took That You Thought Would Lead To A Terrible Result But Ended Up With A Positive Result
4. CC-3: Describe a Picture/Photograph of You That You Like
5. CC-4: Describe something that you did with someone/a group of people
6. CC-5: Describe someone (a famous person) that is a role model for young people
7. CC-6: Describe a subject that you would like to learn in the future
8. CC-7: Describe a natural place (e.g. parks, mountains) / Describe a tourist attraction that very few people visit but you think is interesting / Describe an interesting place you have been to with a friend
9. CC-9: Describe someone you know who made a good decision recently
10. CC-10: Describe a place where you have taken photos more than once
11. CC-11: Describe a person who encouraged you to achieve your goal
12. CC-12: Describe a sport that you only have watched before but have not played yourself
13. CC-13: Describe a sport that you only have watched before but have not played yourself
14. CC-14: Describe a special meal that someone made for you
15. CC-15: Describe a place you have been to where things are expensive
16. CC-16: Describe a luxury item you want to own in your life
17. CC-17: Describe some technology (an app, phone, software program) that you added to stop using
18. CC-18: Describe a book that you enjoyed reading because you need to think a lot
19. CC-19: Describe a thing that is your favorite one/electronic device/brought to home
20. CC-20: Describe an online purchase
21. CC-21: Describe a national day in your country
22. CC-22: Describe a festival in your country
23. CC-23: Describe a review of a product or service
24. CC-24: Describe a hotel that you know
25. CC-25: Describe a famous business person that you know
26. CC-26: Describe an interesting TV programme you watched

Sources for Further Materials/Study

1. Makkar IELTS Speaking Guesswork Book (Latest Edition) – For real IELTS-style questions.

2. Khan's Cue Card IELTS Speaking Module

3. Cambridge IELTS Series (Books 1–18) – Authentic past papers and sample speaking sections.

4. British Council IELTS Official Website – https://www.ielts.org/

5. IELTS Speaking Cue Card Bank for Bangladeshi Students: Model Answers & Strategies: https://doi.org/10.5281/zenodo.16757781

6. **YouTube Channels:**

- AcademicEnglishHelp
- Banglay IELTS
- IELTS with Emma
- E2 IELTS
- IELTS Advantage

7. **Mobile Apps:**

- IELTS Prep by British Council
- Magoosh IELTS
- IELTS Speaking Assistant

যদি বইটি তোমার কাজে আসে, তাহলে—

বন্ধুদের সাথে শেয়ার করো এবং সোশ্যাল মিডিয়াতে তোমার অভিজ্ঞতা জানাও!

যেকোনো প্রশ্ন, পরামর্শ বা ফিডব্যাক দিতে যোগাযোগ করো:

Email: director@sciskill.org
Facebook: www.facebook.com/sciskill
Website: www.sciskill.org

ISBN Number: 978-984-35-8030-6

-সমাপ্তি-